"আমিষেই শক্তি, আমিষেই মুক্তি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২ শাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.০০০.১২৭.২০.০০০৩.২৬-১৯৪

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ১৬ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বর্তমান ২০২৬-২৭ অর্থবছরে সুন্দরবনের ওপর নির্ভরশীল মৎস্যজীবীদের মৎস্য আহরণ বন্ধকালীন ৮২৭১ জন জেলে পরিবারের অনুকূলে ভিজিএফ (চাল) বরাদ্দ প্রদান।

সূত্রঃ ক) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ৩০/০৬/২০২৬ তারিখের ০৭.০০.০০০০.১০৩.২০.০০২৮.১৩ (অংশ-২).১১১০ সংখ্যক পত্র।
খ) মৎস্য অধিদপ্তরের ১৪/০৭/২০২৬ তারিখের ৩৩.০২.০০০০.১২১.০৭.০০১.২৬-৯৮ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সুন্দরবনে মৎস্য আহরণে বিরত থাকা জেলেদের জীবনযাত্রা নির্বাহের জন্য মানবিক সহায়তা কর্মসূচির আওতায় ২০২৬-২৭ অর্থবছরে ০৩টি জেলার (খুলনা, সাতক্ষীরা ও বাগেরহাট) ১২টি উপজেলার ৮২৭১ টি জেলে পরিবারকে মাসিক ৪০ কেজি হারে দুই মাসে (জুলাই ও আগস্ট) ৮০ কেজি করে মোট ৬৬১.৬৮ মে.টন ভিজিএফ (চাল) নিম্নবর্ণিতভাবে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের অনুকূলে বরাদ্দ মঞ্জুরি জ্ঞাপন করা হলো:

ক্রমিক নং	জেলার নাম	উপজেলার নাম	সুন্দরবনের ওপর নির্ভরশীল নিবন্ধিত মৎস্যজীবীর সংখ্যা (জন)	ভিজিএফ (চাল) এর বরাদ্দ মে.টন
১	খুলনা	কয়রা	২০৮২	১৬৬.৫৬
২		দাকোপ	২০৯১	১৬৭.২৮
৩		পাইকগাছা	৩৫	২.৮
		উপমোট	**৪২০৮**	**৩৩৬.৬৪**
৪	সাতক্ষীরা	শ্যামনগর	২৫৭৪	২০৫.৯২
		উপমোট	**২৫৭৪**	**২০৫.৯২**
৫	বাগেরহাট	বাগেরহাট সদর	২৩	১.৮৪
৬		চিতলমারী	০১	০.০৮
৭		ফকিরহাট	০১	০.০৮
৮		কচুয়া	০৬	০.৪৮
৯		মোংলা	৪৬১	৩৬.৮৮
১০		মোরেলগঞ্জ	৪৪	৩.৫২
১১		রামপাল	৮৭	৬.৯৬
১২		শরণখোলা	৮৬৬	৬৯.২৮
		উপমোট	**১৪৮৯**	**১১৯.১২**
		সর্বমোট	**৮২৭১**	**৬৬১.৬৮**

ক) জেলা প্রশাসকগণ মঞ্জুরিকৃত ভিজিএফ (চাল) সুন্দরবনে মৎস্য আহরণে বিরত থাকা নিবন্ধিত মৎস্যজীবীদের মধ্যে মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা, ২০১২-১৩ অনুসরণপূর্বক ৩০/০৭/২০২৬ তারিখের মধ্যে উত্তোলন ও বিতরণ সম্পন্ন করবেন এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন;

খ) সময় স্বল্পতার কারণে জেলা প্রশাসকগণ বরাদ্দ প্রাপ্তির ০১ (এক) কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারগণের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করবেন এবং সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তাকে অবহিত করবেন;

গ) উপজেলা নির্বাহী অফিসারগণ উপ-বরাদ্দ প্রাপ্তির পর ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে বরাদ্দকৃত খাদ্যশস্য উত্তোলন করে বিতরণ সূচি তৈরি করতঃ সংশ্লিষ্ট উপজেলা মৎস্য কর্মকর্তাকে অবহিত করবেন ;

ঘ) কার্ডধারী জেলে ব্যতীত অন্য কাউকে এ ভিজিএফ দেয়া যাবেনা। ভিজিএফ বিতরণকালে উপজেলা মৎস্য কর্মকর্তা, ট্যাগ অফিসার এবং বামউক-এর প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে

ঙ) মৃত কিংবা পেশা পরিবর্তনের কারনে জেলেদের সংখ্যা পরিবর্তন হয়ে থাকলে তা পর্যালোচনা/পরীক্ষা করে নীতিমালা অনুযায়ী ভিজিএফ বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে;

চ) চলতি ২০২৬-২৭ অর্থ বছরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বাজেট কোড নং "১২০৩০১৯০৩-৩৭২২১০১ ত্রাণ কার্য (চাল)" খাত হতে ব্যয় নির্বাহ হবে;

ছ) জেলা প্রশাসকগণ কর্তৃক ভিজিএফ (চাল) বিতরণ কার্যক্রম শেষে ১০ (দশ) কার্য দিবসের মধ্যে খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক খাদ্যশস্য ও পরিবহন ব্যয় এর বিপরীতে প্রকৃত বিতরণকৃত খাদ্যশস্য-এর বিবরণী বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের মাধ্যমে সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বরাবরে প্রেরণ করবেন;

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হলো।

১৬/০৭/২০২৬

(ছাইদা আক্তার পরাগ)
উপসচিব
ফোন- ৫৫১০০০৮১
ই-মেইলঃ fisheries-২@mofl.gov.bd

জেলা প্রশাসক
খুলনা/সাতক্ষীরা/বাগেরহাট

নং-৩৩.০০.০০০০.০০০.১২৭.২০.০০০৩.২৬-১৯৪ (১৪)

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ১৬ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
০২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৪. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাক ;
০৫. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা;
০৬. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা;
০৭. মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
০৮. উপসচিব (বাজেট), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
০৯. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১০. জেলা মৎস্য কর্মকর্তা, খুলনা/সাতক্ষীরা/বাগেরহাট;
১১. জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা/সাতক্ষীরা/বাগেরহাট;
১২. চিফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
১৩. সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি **ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ**);
১৪. অফিস কপি/মাস্টার কপি।

১৬/০৭/২০২৬

(ছাইদা আক্তার পরাগ)
উপসচিব